

## রাজধানীর সরকারি স্কুলের শিক্ষকদের মানববন্ধন কর্মসূচি পালন

রাজধানীর ২৪টি সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকরা গতকাল শিক্ষাভবন ঘেরাও ও মানববন্ধন কর্মসূচি পালন করেছেন। মাধ্যমিক শিক্ষার জন্য আলাদা অধিদফতর, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণী পদমর্যাদা ও উপজেলা, গ্রামাঞ্চল মাধ্যমিক শিক্ষা অফিসার পদে সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি নিয়ে পদায়নের দাবিতে এ কর্মসূচি পালিত হয়। বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির আহ্বানে সকাল সাড়ে ৮টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত শিক্ষাভবন ঘেরাও করা হয়। পরে নেতৃবৃন্দ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের কাছে স্মারকলিপি পেশ করেন। সমাবেশে বক্তব্য রাখেন সমিতির সভাপতি রেহানা বানম, সহ-সভাপতি র. উ. ছাহিদ, মহাসচিব আব্দুল কাশেম বান, যুগ্ম মহাসচিব এসএম সিরাজুল হক মন্টু প্রমুখ।